

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১৪ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-১৮-আইন/২০১৪/৬৯৫-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর দফা (গ) এর—

- (১) প্রারম্ভে 'সুপারশপ,' শব্দটি ও কমা সন্নিবেশিত হইবে; এবং
- (২) পর নিম্নরূপ একটি ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা ঃ—

‘ব্যাখ্যা।—‘সুপারশপ’ অর্থ শীতাতপ নিয়ন্ত্রিত হটক বা না হটক, একই অঙ্গনে সাকুল্যে ১২,০০০ (বার হাজার) বর্গফুট আয়তনের অধিক নহে, এইরূপ কোন স্বতন্ত্র ও পরিপূর্ণ দোকান, যেখানে আধুনিক বিজ্ঞানসম্মত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসম্মত, জীবানুমুক্ত, ও প্রিজারভেটিভ বিহীন মাছ-মাংস, চাল-ডাল, শাক-সবজি, ফল-মূলসহ দৈনন্দিন ব্যবহার্য গৃহস্থালি ও মনোহারী পণ্য বিক্রয় করা হইয়া থাকে এবং যেখানে হিসাব সংরক্ষণ ও মুসক-১১ চালান ইস্যু করিবার জন্য আইন ও বিধি দ্বারা নির্ধারিত Electronic Cash Register (ECR) বা Point of Sale (POS) software অথবা উভয়ই ব্যবহার করা হইয়া থাকে এইরূপ দোকান।’]

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন
প্রথম সচিব (মুসক নীতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৫৬৯)

মূল্য ঃ টাকা ৪.০০